

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 30 June, 2025

বায়ুদূষণে বিশ্বের শহরগুলোর মধ্যে বাংলাদেশের রাজধানী ঢাকা আজ ১৭তম স্থানে রয়েছে। এয়ার কোয়ালিটি ইনডেক্স (একিউআই) ৮১ স্কোর নিয়ে ঢাকার বাতাসের মান 'সহনীয়' পর্যায়ে আছে।

সোমবার (৩০ জুন) সকাল সাড়ে ৮টায় বাতাসের মান পর্যবেক্ষণকারী সংস্থা আইকিউএয়ারের তথ্য অনুযায়ী, ঢাকার বায়ুদূষণের প্রধান উপাদান হলো পিএম ২.৫ বা অতিক্ষুদ্র বস্তুকণা, যা বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) সুপারিশকৃত মানের থেকে প্রায় পাঁচ গুণ বেশি মাত্রায় বাতাসে রয়েছে।

বায়ুদূষণে বিশ্বের শীর্ষ স্থানে রয়েছে কল্যাণপুর এলাকা। এরপর রয়েছে মাদানি সরণির বেজ এজওয়াটার, মিরপুর ৬-এর শিয়ালবাড়ি সরকারি অফিসার্স কোয়ার্টার, মহাখালীর আইসিডিডিআরবি এলাকা, ইস্টার্ন হাউজিং, বেচারাম দেউড়ি, গুলশানের গ্রেস ইন্টারন্যাশনাল স্কুল ও তেজগাঁওয়ের শান্তা ফোরাম এলাকা। এইসব এলাকার বাতাসের মান 'সহনীয়' পর্যায়ে রয়েছে।

আইকিউএয়ারের স্কোর অনুযায়ী, ০-৫০ হলে বায়ুর মান ভালো, ৫১-১০০ হলে মাঝারি বা সহনীয়, ১০১-১৫০ সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর, ১৫১-২০০ অস্বাস্থ্যকর, ২০১-৩০০ খুবই অস্বাস্থ্যকর এবং ৩০১-এর বেশি হলে দুর্যোগপূর্ণ বলে বিবেচিত হয়।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 00:31

URL: <https://www.timestodaybd.com/national/3941704827>